**আধ্যাত্মিকতা ঃ** পবিত্র ক্রুশ সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা ফাদার বাসিল মরো সিএসসি এর কথা দিয়ে বলা যায় **"একা গড়ে না কেউ, গড়ে অনেকে মিলে "** এর মাধ্যমে বুঝা যায় ক্রেডিট ইউনিয়ন বা সমবায় সমিতিগুলো একজনকে নিয়ে গড়ে উঠে না, সেখানে অনেকে মিলে তা সংগঠিত করেন। তাহলে বলা যায় যে ঋণদান সমিতি বা ক্রেডিট ইউনিয়নও একতা, মিলন, ভ্রাতৃত্ত্ব এবং আধ্যাত্মিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে । ক্রেডিট ইউনিয়ন সদস্য বা সদস্যাদের মধ্যে যে আধ্যাত্মিকতা তুলে ধরেন তা নিম্নে সংক্ষেপে তুলে ধরা হলোঃ

**ক একতা ঃ** বাংলদেশ তথা সারাবিশ্বে এই ক্রেডিট ইউনিয়নের প্রভাব রয়েছে। এটি যদিও মূলত গরীব মানুষদের স্বচ্ছলতা বা স্বাবলম্বী হওয়ার জন্য শুরু হয়েছিল কিন্তু বর্তমানে তার বিস্তার সব ক্ষেত্রে দেখা যায়। ক্রেডিট ইউনিয়নের মাধ্যমে মানুষ একত্রিত হয় এবং একতা প্রকাশ করে থাকে। ক্রেডিট ইউনিয়নের মাধ্যমে জনগণ প্রতি সপ্তাহে বা মাসে একত্রিত হয় তাদের কাজ কর্ম বা টাকা পয়সা জমা দেওয়ার জন্য সমিতিতে যার ফলে দিন দিন মানুষের মধ্যে একতা বাড়ছে সেই সাথে মানুষ ঈশ্বরের প্রতি ও মানুষের প্রতি গভীর বিশ্বাস স্থাপন করতে পারছে ।

**খ আত্মবিশ্বাস ঃ** ক্রেডিট ইউনিয়নের মাধ্যমে মানুষের দিনদিন আত্মবিশ্বাস বাড়ছে নিজের এবং অন্যের প্রতি। মানুষ নিজেদের প্রয়োজন খুব সহজে মিটাতে সক্ষম হচ্ছে, যারা অসহায় বা গরীব তারা স্বচ্ছল হওয়ার সুযোগ পাচ্ছে। ব্যবসায়ীগণও তাদের ব্যবসায় লাভবান হচ্ছে এবং এর মধ্যদিয়ে তারাও ঈশ্বরকে ধন্যবাদ জানায় এবং তারাও ঈশ্বরের আরও কাছাকাছি আসতে পারছে।

**গ সেবা ঃ** "যীশু বলেছেন আমি সেবা পেতে আসিনি আমি সেবা করতে এসেছি "সেরূপ ক্রেডিট ইউনিয়ন একটি সেবাদানকারী প্রতিষ্ঠান । ক্রেডিট ইউনিয়নের মাধ্যমে একজন অন্যজনকে সেবা দিয়ে যাচ্ছে। এই পদ্ধতি আবার দুটি উপায়ে সেবা হয়ে আসছে, সেবা গ্রহণ করা এবং সেবা প্রদান করার মাধ্যমেই ক্রেডিট ইউনিয়ন চলছে। এখানে সেবা দানের মাধ্যমে মানুষকে আরও বুঝতে সাহায্য করে, হৃদয়ে অনুভব করতে সাহায্য করে, যেন তারাও সেবা কমী হয়ে উঠে। এভাবে মানুষ আরো ঈশ্বরের সেবাকর্মী হয়ে উঠার চেষ্টা করছে।

**ঘ সহযোগিতা ঃ**

ক্রেডিট ইউনিয়নে যে কোন সদস্য যখন অর্থ উত্তোলন করে তখন নিয়ম অনুযায়ী কয়েকজন তার জন্য জামিন থাকে । জামিনের মাধ্যমে তাকে সাহায্য সহযোগীতা করতে হয় যার ফলে তারা আরও আন্তরিক হয়ে উঠে। নিজেদের মধ্যে আরো তাদের আদান প্রদান সহযোগিতার মনোভাব বেড়ে যায়।

**ঙ মিলন ঃ** ক্রেডিট ইউনিয়নের বিভিন্ন সম্মেলন বা কোন প্রগ্রামের জন্য একত্রিত হয় বা তারা একত্রে মিলিত হয় । প্রতিবছর বার্ষিক সম্মেলন হয়, তাছাড়া প্রতিষ্ঠানটি প্রাক বড়-দিন অনুষ্ঠান করে থাকে যার মধ্য দিয়ে তারা নিজেদের মধ্যে এবং ঈশ্বরের সাথে গভীর সম্পর্ক স্থাপন করে থাকে ।

**চ ভালবাসা ঃ** যখন কোন ব্যক্তি কোন প্রতিষ্ঠানের সদস্য হয়, প্রথমত ভালভাবে জেনে শুনে, বিশ্লেষণ করে অংশগ্রহণ করে এবং ধীরে ধীরে প্রতিষ্ঠানটির প্রতি তার ভালবাসা জন্মায়। এভাবে নিজের প্রতি, অন্যের প্রতি এবং ঈশ্বরের প্রতি ভালবাসা অনুভব করে থাকে।

**তাছাড়াও ক্রেডিট ইউনিয়নের ৭টি মূলনীতি আছে যেমনঃ**

- স্বেচ্ছায় সদস্যপদ
- গণতান্ত্রিক নিয়ন্ত্রণ
- অর্থনৈতিক সক্রিয় অংশগ্রহণ
- স্বাধীন এবং পৃথক সত্তা
- শিক্ষা, প্রশিক্ষণ ও তথ্যসরবরাহ
- সমবায়ী অংশ গ্রহণ
- সক্রিয় সমাজ গঠন।